## জেলা পর্যায়ে গঠিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ সাইদুল ইসলাম<br>জেলা প্রশাসক, কুষ্টিয়া। |
| সভার তারিখ | : | ১৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ। |
| সভার সময় | : | সকাল ১১.১৫ মিনিট। |
| সভার মাধ্যম | : | জেলা প্রশাসক, কুষ্টিয়া এঁর সম্মেলন কক্ষ |

**উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভায় উপস্থিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটির জেলা পর্যায়ের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। অতঃপর সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগের ২২ মে, ২০১৮ তারিখের ০৪.০০.০০০ .৮২৩.৭৯.০০৯.১৮.০৪৫(১) নম্বর স্মারকের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের ২২ মে, ২০১৮ তারিখে জারীকৃত ০৪.০০.০০০০.৮২৩.৭৯. ০০৯. ১৮.০৪৪ নম্বর পত্রের আলোকে গত ১৭/০৭/২০১৮ তারিখ জেলা পর্যায়ের তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটি গঠন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র অনুযায়ী প্রতি দুই মাস পর জেলা পর্যায়ে গঠিত তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ কমিটির সভা নিয়মিত অনুষ্ঠিত হচ্ছে। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুষ্টিয়া সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।
অত:পর আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১. | তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে প্রত্যেকটি দপ্তর/বিভাগ একজন তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপীলকারী কর্মকর্তা নিয়োগ করে অফিস আদেশ জারী করবেন এবং স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে 'তথ্য অধিকার' সেবা বক্সে তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং একজন বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও মোবাইল নম্বর প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। উক্ত দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে আবেদনকারীকে বিধি মোতাবেক তথ্য সরবরাহ করতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান |
| ০২ | জেলা ও উপজেলা পর্যায়ে যে সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ নেই, সেই সকল দপ্তর অতিদ্রুত ওয়েব পোর্টাল হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং হালনাগাদ শেষে অত্র কার্যালয়কে অবহিত করতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৩ | উপজেলা পর্যায়ে তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিতভাবে আহবান করতে হবে এবং উপজেলা কমিটির সভার কার্যবিবরণী বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা ও জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়ায় প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৪ | সভায় জেলা সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়াকে তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন গ্রহণ ও ট্র্যাকিং সিস্টেম সম্পর্কে জনগণের মাঝে ব্যাপক প্রচারের উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। অনলাইন ট্র্যাকিং সিস্টেমের ওয়েব অ্যাড্রেস http: //rtitracking.infocom.gov.bd. | জেলা তথ্য অফিসার কুষ্টিয়া |
| ০৫ | কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয়ের ন্যায় অন্যান্য সকল দপ্তর/সংস্থা/বিভাগকে স্বপ্রনোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি তালিকা তাদের দপ্তরের ওয়েব পোর্টালে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং লিখিতভাবে অগ্রগতি প্রতিবেদন জানাতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ০৬ | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত ফরমে আবেদন করলে এবং আইনগতভাবে কোন বাঁধা না থাকলে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা (সকল) |

| | | |
|---|---|---|
| ০৭ | জেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানদের বিভিন্ন সভা, সেমিনার, স্কুল কলেজ পরিদর্শনের সময় তথ্য অধিকার সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে। | জেলার সকল দপ্তর প্রধান<br>ও<br>জেলা শিক্ষা অফিসার |
| ০৮ | জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মচারীদের জন্য বছরে ৬০ ঘন্টার প্রশিক্ষণে তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রশাসনিক কর্মকর্তা<br>সংস্থাপন শাখা<br>কুষ্টিয়া |
| ০৯ | তথ্য অধিকার আইন-২০০৯ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং ও লিফলেটের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। | জেলা তথ্য অফিসার<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>(সকল) |

পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে "তথ্য অধিকার বাস্তবায়ন অবেক্ষণ ও পরিবীক্ষণ কমিটির" সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১.৯.2022

(মোহাম্মদ সাইদুল ইসলাম)
জেলা প্রশাসক
কুষ্টিয়া।
ফোন : ০২৪৭৭৭-৮২৩০০
dckushtia@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কুষ্টিয়া
(সাধারণ শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫০০০.০০১.০১২.০৫৬.২১. ১১০৮ তারিখ: ০৬ আশ্বিন ১৪২৯ / ২১ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান তথ্য কমিশনার, তথ্য কমিশন, আগারগাঁও শেরে-ই-বাংলা নগর, ঢাকা।
০৬। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৭। বিভাগীয় প্রধান, জেলা পর্যায়ের অফিস (সকল), কুষ্টিয়া।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর/কুমারখালী/খোকসা।
০৯। জেলা তথ্য অফিসার, কুষ্টিয়া।
১০। প্রোগ্রামার, জেলা আইসিটি অধিদপ্তর, কুষ্টিয়াকে সভার কার্যবিবরণী জেলা তথ্য বাতায়নে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১১। অফিস কপি।

২১.৯.2022

জেলা প্রশাসক
কুষ্টিয়া